

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৩৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১. কেউ সালাতের ওয়াক্তে ঘুমিয়ে থাকলে বা সালাতের কথা ভুলে গেলে

باب فِي مَنْ نَامَ عَنِ الصَّلَاةِ، أَوْ نَسِيَهَا

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّثَنَا ابْنُ وَهْب، أَخْبَرَنِي يُونُسُ، عَنِ ابْنِ شِهَاب، عَنِ ابْنِ الْمُسَيَّب، عَنْ أَبِي هُرَيْرَة، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم حِينَ قَفَلَ مِنْ غَزْوَةِ خَيْبَرَ فَسَارَ لَيْلَةً حَتَّى إِذَا أَدْرَكَنَا الْكَرَى عَرَّسَ وَقَالَ لِبِلَالٍ " اكْلاً لَنَا اللَّيْلَ " . قَالَ فَغَلَبَتْ بِلَالاً عَيْنَاهُ وَهُوَ مُسْتَنِدٌ إِلَى رَاحِلَتِهِ فَلَمْ يَسْتَيْقِظِ النَّبِيُّ صلي الله عليه وسلم وَلا بِلَالٌ وَلا أَحَدُ مِنْ أَصْحَابِهِ حَتَّى إِذَا ضَرَبَتْهُمُ الشَّمْسُ فَكَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم أَقَالَ " . فَقَالَ أَخَذَ أَوْلَهُمُ اسْتِيقَاظًا فَفَزِعَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ " يَا بِلَالُ " . فَقَالَ أَخَذَ بَنَفْسِي الَّذِي أَخَذَ بِنَفْسِكَ بِأَبِي أَنْتَ وَأُمِّي يَا رَسُولَ اللهِ فَاقْتَادُوا رَوَاحِلَهُمْ شَيْئًا ثُمَّ تَوَضَاً النَّبِيُّ صلى الله عليه وسلم فقالَ " يَا بِلَالُ " . فَقَالَ أَخَذَ بِنَفْسِي الَّذِي أَخَذَ بِنَفْسِكَ بِأَبِي أَنْتَ وَأُمِّي يَا رَسُولَ اللهِ فَاقْتَادُوا رَوَاحِلَهُمْ شَيْئًا ثُمَّ تَوَضَاً النَّبِيُّ صلى الله عليه وسلم قَامَر بِلِالاً فَأَقَامَ لَهُمُ الصَّلَاةَ وَصَلَى الله عليه وسلم وَأَمْرَ بِلَالاً فَأَقَامَ لَهُمُ الصَّلَاةَ وَصَلَى الله عليه وسلم وَأَمْرَ بِلِالاً فَأَقَامَ لَهُمُ الصَّلَاةَ وَصَلَى بِهِمُ الصَّبْحَ فَلَمَا قَضَى النَّبِيُّ صَلَى الله عليه وسلم وَكَانَ ابْنُ شِهَابٍ يَقْرَوهُهَا كَذَلِكَ . قَالَ أَحْمَدُ قَالَ عَنْبَسَةً حَيْقِ عَنْ يُونُسُ وَكَانَ ابْنُ شِهَابٍ يَقْرَوهُهَا كَذَلِكَ . قَالَ أَحْمَدُ قَالَ عَنْبَسَةً حَيْهُمُ الصَّلَاة عَنَى اللهَ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى عَنْبَسَةً عَلَى عَنْ يُسَوى هَذَا الْحَدِيثِ لِذِكْرِي . وقَالَ أَحْمَدُ الْكَرَى النَّعَاسُ .

_ صحیح : م

বাংলা

৪৩৫। আবৃ হুরাইরাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খায়বার যুদ্ধ হতে প্রত্যাবর্তনের একরাতে বিরতিহীনভাবে সফর করতে থাকলে আমাদের ক্লান্তি ভাব দেখা দেয়। ফলে শেষ রাতে তিনি যাত্রা বিরতি করেন এবং বিলাল (রাঃ)-কে বলেনঃ তুমি জেগে থাকবে এবং রাতের দিকে লক্ষ্য রাখবে। কিন্তু বিলাল (রাঃ)-ও নিদ্রাকাতর হয়ে তার উটের সাথে হেলান দিয়ে ঘুমিয়ে পড়েন। ফলশ্রুতিতে নবী সাল্লাল্লাহু আলাইহি



ওয়াসাল্লাম, বিলাল এবং তাঁর সাহাবীদের কারোরই ঘুম ভাঙ্গল না। অতঃপর সূর্যের তাপ তাদের গায়ে এসে পড়লে সর্বপ্রথম রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জাগলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অস্থির হয়ে বললেনঃ কি হলো বিলাল! বিলাল বললেন, হে আল্লাহর রসূল! আমার পিতা-মাতা আপনার জন্য কুরবান হোক! যে সত্তা আপনাকে অচেতন রেখেছেন, আমাকেও তিনিই অচেতন রেখেছেন। অতঃপর তারা নিজেদের বাহন নিয়ে কিছু দূর অগ্রসর হওয়ার পর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অযু করলেন এবং বিলালকে নির্দেশ করলে বিলাল ইকামাত(ইকামত/একামত) দিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সকলকে নিয়ে ফজরের সালাত আদায় শেষে বললেনঃ কেউ সালাত আদায় করতে ভুলে গেলে যেন স্মরণ হওয়া মাত্রই উক্ত সালাত আদায় করে নেয়। কেননা আল্লাহ বলেন, ''আমার স্মরণার্থে সালাত প্রতিষ্ঠা কর।'' (সূরা ত্ব-হা ১৪)[1]

সহীহ: মুসলিম।

English

Abu Hurairah reported:

When the Messenger of Allah (ﷺ) returned from the Battle of Khaibar, he travelled during the night. When we felt sleep, he halted for rest. Addressing Bilal he said: Keep vigilance at night for us. But Bilal who was leaning against the saddle of his mount was dominated by sleep. Neither the Prophet (ﷺ) nor Bilal nor any of his Companions could get up till the sunshine struck them. The Messenger of Allah (ﷺ) got up first of all. The Messenger of Allah (ﷺ) was embarrassed and said: O Bilal! He replied: He who detained your soul, detained my soul, Messenger of Allah, my parents be sacrificed for you. Then they drove their mounts to a little distance. The Prophet (ﷺ) perfumed ablution and commanded Bilal who made announcement for the prayer. He (the Prophet) led them in the Fair prayer. When he finished prayer, he said: If anyone forget saying prayer, he should observe it when he recalls it, for Allah has said (in the Qur'an): "Establish prayer for my remembrance". Yunus said: Ibn Shihab used to recite this verse in a similar way (i.e. instead of reciting the word li-dhikri - for the sake of My remembrance - he would recite li-dhikra - when you remember). Ahmad (one of the narrator) said: 'Anbasah (a reporter) reported on the authority of Yunus the word li-dhikri (for the sake of my remembrance). Ahmad said: The word nu'as (occurring in this tradition) means "drowsiness".

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ শঅষত্মীঝধ(রাঃ) অনুঃ ছুটে যাওয়া সালাতের ক্বাযা করা), ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত,



অনুঃ ঘুমের কারণে অথবা ভুলবশতঃ সালাত ছুটে গেলে, হাঃ ৬৯৭), আবূ হুরাইরাহ থেকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন